

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৪১

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

আরবী

عَنْ مُحَمَّدِ بْنِ خَالِدٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ وَكَانَتْ لَهُ صُحْبَةٌ مِنْ رَسُولِ اللهِ عَنْ قَالَ سَمِعْتُ رَسُولَ اللهِ عَنْ يَبُلُغْهَا بِعَمَلِهِ سَمِعْتُ رَسُولَ اللهِ مَنْزِلَةٌ لَمْ يَبْلُغْهَا بِعَمَلِهِ ابْتَلاَهُ اللهُ فِي حَسَدِهِ أَوْ فِي مَالِهِ أَوْ فِي وَلَدِهِ قَالَ أَبُو دَاوُدَ زَادَ ابْنُ نُفَيْلٍ ثُمَّ صَبَّرَهُ عَلَى ذَلِكَ ثُمَّ اللهِ تَعَالٰي

বাংলা

(৩৫৪১) মুহাম্মাদ বিন খালেদের পিতামহ হতে বর্ণিত, যিনি একজন সাহাবী ছিলেন; তিনি বলেন, আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট শুনেছি, তিনি বলেছেন, আল্লাহর পক্ষ থেকে যখন বান্দার জন্য কোন মর্যাদা নির্ধারিত থাকে, কিন্তু সে তার নিজ আমল দ্বারা তাতে পৌঁছতে অক্ষম হয় তখন আল্লাহ তার দেহ, সম্পদ বা সন্তান-সন্ততিতে বালা-মসীবত দিয়ে তাকে বিপদগ্রস্ত করেন। অতঃপর তাকে এতে ধৈর্য ধারণ করারও প্রেরণা দান করেন। (এই ভাবে সে ততক্ষণ বিপদগ্রস্ত থাকে,) যতক্ষণ না সে আল্লাহ আয্যা অজাল্লার পক্ষ থেকে নির্ধারিত ঐ মর্যাদায় উন্নীত হয়ে যায়!

ফুটনোট

(আহমাদ ২২৩৩৮, আবু দাঊদ ৩০৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন